

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০০৫

আগরতলা, ২৭ নভেম্বর, ২০১৮

বিমানবন্দরে থাইল্যান্ডের রাজকুমারীকে স্বাগত জানালেন মুখ্যমন্ত্রী

আজ থাইল্যান্ডের রাজকুমারী মহা চাকরি সিরিনধর্ন একদিনের ত্রিপুরা সফরে আসেন। এয়ার ইন্ডিয়ার এক বিশেষ বিমানে তিনি সকাল ১০.২০ মিনিটে আগরতলার মহারাজা বীরবিক্রম বিমানবন্দরে এসে নামেন। তাঁকে স্বাগত জানাতে বিমানবন্দরে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব, মুখ্যসচিব এল কে গুপ্তা, পর্যটন দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি এবং অন্যান্য আধিকারিকগণ। রাজকুমারীকে সেখানে পারম্পরিক প্রথায় শঙ্খ বাজিয়ে স্বাগত জানানো হয়। সেখান থেকে তিনি ও তাঁর সাথে থাইল্যান্ড থেকে আসা রাজ দরবারের প্রতিনিধি এবং সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের প্রায় কুড়ি জনের দলটি উনকোটি পরিদর্শনে যান। উনকোটি সফরের সময় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবও তাদের সাথে ছিলেন। উনকোটি পরিদর্শন করে আবার বিকেল সাড়ে তিনটায় তিনি বিশেষ হেলিকপ্টারে আগরতলায় ফেরেন এবং চারটা নাগাদ এয়ার ইন্ডিয়ার বিমানেই আগরতলা ত্যাগ করেন। যাবার আগে বিমানবন্দরে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব তাঁর হাতে বুদ্ধ মূর্তি সহ বিভিন্ন স্মারক উপহার তুলে দেন। তাঁকে বিদায় জানাতে মুখ্যমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন রাজস্ব মন্ত্রী এন সি দেববর্মা, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী মনোজ কান্তি দেব, বনমন্ত্রী মেবার কুমার জমাতিয়া এবং রাজ্য প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকগণ।
